কালের কণ্ঠ

তারিখ ..13.MAR.2016... ...
পৃষ্ঠা ... 2 ... কলাম 6 ... ......

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগ নেতাকর্মীর হাতে লাঞ্ছিত হল প্রভোস্ট

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলের ৪৫তম আবর্তনের (২০১৫-১৬ শিক্ষাবর্ষের) নতুন শিক্ষার্থীদের খবর নিতে গিয়ে ছাত্রলীগ নেতাকর্মীদের হাতে লাঞ্ছিত হয়েছেন মীর মশাররফ হোসেন হলের প্রভোস্ট ওবায়দুর রহমান। শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা যায়, ১২ মার্চ ৪৫তম আবর্তনের নতুন শিক্ষার্থীদের ক্লাস শুরু উপলক্ষে অনেক শিক্ষার্থী হলে গণরুমে অবস্থান নেওয়া শুরু করে। হলের ঐতিহ্য অনুযায়ী ৪৪তম আবর্তনের জুনিয়র ছাত্রলীগকর্মীরা ৪৫তম আবর্তনের নবীন শিক্ষার্থীদের নিয়ে পরিচিতি পর্বের জন্য রাতে গণরুমে বসে। এ সময় হল প্রভোস্ট অধ্যাপক ওবায়দুর রহমান নবীন শিক্ষার্থীদের খোঁজখবর নিতে সেখানে যান। জুনিয়র ছাত্রলীগকর্মীরা প্রভোস্টকে গণরুমে প্রবেশ করতে দেখেই উত্তেজিত হয়ে পড়ে এবং সঙ্গে সঙ্গে বিষয়টি হলের সিনিয়র নেতাদের জানালে তাঁরা প্রভোস্টের ওপর চড়াও হন।

প্রভোস্ট গণরুম থেকে বেরিয়ে গেলে হল শাখা ছাত্রলীগের নেতা বশিরুল হক, ইকরাম উদ্দিন অমি, মহিতোষ রায় টিটুসহ ৩০-৩৫ জন নেতাকর্মী তাঁকে ঘিরে অশ্রাব্য ভাষায় গালাগাল করে। পরে সাংবাদিক ও সাধারণ শিক্ষার্থীদের সহায়তায় মুক্ত হন প্রভোস্ট।

একাধিকবার চেষ্টা করা হলেও ওবায়দুর রহমানের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

প্রভোস্টকে লাঞ্ছিত করার ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে ছাত্র ইউনিয়ন জাবি সংসদ।